

# ইসলামপুরের শিক্ষক সমাজ ফুঁসে উঠেছেন

ইসলামপুর (জামালপুর)

প্রতিনিধি

৭ মার্চ ২০২৩ ১২:০০ এএম।

আপডেট: ৬ মার্চ ২০২৩

১১:৫৭ পিএম

আমাদের সময়

advertisement

ইসলামপুর উপজেলার পচাবহলা জয়তুননেছা উচ্চ বিদ্যালয়ের তালা লাগানো ও শিক্ষক-শিক্ষার্থীদের লাঞ্চিত করার অভিযোগে মানববন্ধন করেছেন উপজেলার সর্বস্তরের শিক্ষকরা। গতকাল বিকালে উপজেলা পরিষদের প্রধান গেটের সামনে ঘণ্টাব্যাপী মানববন্ধন করেন তারা। উপজেলার সর্বস্তরের শিক্ষক ও কর্মচারীর ব্যানারে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তব্য দেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি আবদুল খালেক আখন্দ, জয়তুনের উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আমিনুল ইসলাম প্রমুখ। পরে শিক্ষক-শিক্ষার্থী লাঞ্জনায় জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবিতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) আশরাফ আলীর কাছে স্মারকলিপি দেওয়া হয়। বক্তারা বলেন, শিক্ষকদের ওপর হামলাকারী এবং শিক্ষা প্রতিষ্ঠানে তালা লাগানো সাবেক চেয়ারম্যান জয়নাল আবেদীন ও তার ছেলে রিয়াদ হোসেনসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা না নেওয়া হলে বৃহত্তর কর্মসূচি দেওয়ার হবে।

পরে ইসলামপুর প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য দেন পচাবহলা জয়তুননেছা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ভুক্তভোগী আমিনুল ইসলাম। তিনি অভিযোগ করেন, পচাবহলা জয়তুননেছা উচ্চ বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভোলা মণ্ডলের পালিত ছেলে ও সদর ইউপির সাবেক চেয়ারম্যান জয়নাল আবেদীন প্রতারণার মাধ্যমে স্কুলের জমি আত্মসাৎসহ নানা অপকর্মে লিপ্ত রয়েছে। এ ব্যাপারে শিক্ষক-কর্মচারী ও ছাত্রছাত্রীরা কোনো কথা বললে তাদের নির্যাতন করা হয়। সর্বশেষ গত ১ মার্চ জয়নাল আবেদীন ও তার লোকজন স্কুলে এসে সরকারি কাজে বাধা দিয়ে দপ্তরের কাছ থেকে ঘণ্টা কেড়ে নিয়ে স্কুল ছুটি দেয়। শিক্ষক-কর্মচারীরা বাধা দিলে জয়নাল আবেদীনের লোকজন শিক্ষক-কর্মচারীদের মারধর করে স্কুলে তালা লাগিয়ে দেয়। পরে প্রশাসনের লোকজন এসে স্কুলের তালা খুলে দেন। এ ব্যাপারে ইসলামপুর থানায় অভিযোগ করা হয়েছে।

advertisement

এ ব্যাপারে অভিযুক্ত জয়নাল আবেদীন আমাদের সময়কে বলেন, ‘আমার মায়ের নামে বিদ্যালয়। এটির আমি জমিদার। অথচ প্রধান শিক্ষক আমাকে বাদ দিয়ে অ্যাডহক কমিটি করে যা ইচ্ছা তাই করছে। আমার বিরুদ্ধে অভিযোগ মিথ্যা ও ভিত্তিহীন বানোয়াট।’